

NSW-এ স্বৈচ্ছায় সহায়তাপ্রাপ্ত মৃত্যুবরণ

Voluntary assisted dying in NSW

Bengali

NSW-এ স্বৈচ্ছায় সহায়তাপ্রাপ্ত মৃত্যুবরণ প্রক্রিয়ায় **১১ টি ধাপ** রয়েছে। আপনি যে কোনও সময় প্রক্রিয়াটি থামাতে বা বন্ধ করতে পারেন।

- ধাপ ১.** আপনি স্বৈচ্ছায় সহায়তাপ্রাপ্ত মৃত্যুবরণ-এর জন্য একজন ডাক্তারের কাছে **প্রথমে অনুরোধ** করবেন
- ধাপ ২.** একজন সমন্বয়কারী ডাক্তার একটি **প্রথম মূল্যায়ন** সম্পন্ন করবেন
- ধাপ ৩.** অন্য একজন ডাক্তার একটি **পরামর্শ মূল্যায়ন** করবেন
- ধাপ ৪.** আপনি একটি **লিখিত ঘোষণাপত্র** পূরণ করবেন
- ধাপ ৫.** আপনি স্বৈচ্ছায় সহায়তাপ্রাপ্ত মৃত্যুবরণ-এর জন্য একটি **চূড়ান্ত অনুরোধ** করবেন
- ধাপ ৬.** আপনার সমন্বয়কারী ডাক্তার **চূড়ান্ত পর্যালোচনা** সম্পন্ন করবেন
- ধাপ ৭.** আপনার ডাক্তারের সহায়তায় আপনি **কীভাবে ওষুধ গ্রহণ করবেন** তা সিদ্ধান্ত নিবেন
- ধাপ ৮.** আপনার ডাক্তার **ওষুধের অনুমোদনের** জন্য আবেদন করবেন। স্বৈচ্ছায় সহায়তাপ্রাপ্ত মৃত্যুবরণ বোর্ড তা অনুমোদন দিবে
- ধাপ ৯.** আপনার ডাক্তার **ওষুধ লিখে দিবেন**
- ধাপ ১০.** আপনি যদি চান এবং কখন নিবেন তা পছন্দ করেন তবে আপনি **ওষুধ** নিতে পারেন বা আপনাকে তা দেয়া হবে
- ধাপ ১১.** একটি **মৃত্যু সনদপত্র** জারি করা হবে

NSW স্বৈচ্ছায় সহায়তাপ্রাপ্ত মৃত্যুবরণ কেয়ার নেভিগেটর পরিষেবা

এটি একটি ফোন লাইন ব্যবস্থা যেখানে স্বৈচ্ছায় সহায়তাপ্রাপ্ত মৃত্যুবরণ সম্পর্কে প্রশ্নের উত্তর দেয়া হয়।

পরিষেবাটি রোগী এবং পরিবার সহ সবাইকে সহায়তা করবে।

1300 802 133 নম্বরে সোমবার থেকে শুক্রবার সকাল ৮:৩০ টা থেকে বিকাল ৪:৩০ পর্যন্ত কল করুন।